ভোরের কাগজ

3 1 JUL

পৃ 12

70

জড়িত সন্দেহে গ্রেপ্তার ১

# শিবিরের হামলায় আহত ছাত্রের মৃত্যু, লাকসাম কলেজ বন্ধ ঘোষণা

লাকসাম প্রতিনিধি : লাকসাম নবাব ফয়জুন্নেসা সরকারি মহাবিদ্যালয়ে গত বুধবার ছাত্রশিবিরের হামলায় আহত ছাত্র আবদুল আহাদ গতকাল বৃহস্পতিবার মারা গেছে। কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র আহাদকে বুধবারই মারাত্মক আহত অবস্থায় ঢাকার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে পাঠানো হয়েছিল। গতকাল বিকালে তার মৃতদেহ লাকসামে আনা হলে শহরে উত্তেজনা ছড়িয়ে পড়ে। কর্তৃপক্ষ আরো সংঘর্ষের আশঙ্কায় আগামী সোমবার পর্যন্ত কলেজ বন্ধের ঘোষণা দিয়েছে।

গত বুধবার ছাত্রশিবির কলেজ ক্যাম্পাসে অতর্কিতে ছাত্রলীগের ওপর হামলা করলে ৫০ জন আহত হয়। আহতদের মধ্যে আহাদসহ চারজনকে গুরুতর আহত অবস্থায় সেদিনই ঢাকার বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে ও অপর সাতজনকে কুমিল্লা জেলা হাসাপাতালে পাঠানো হয়। গতকাল আহাদের মৃতদেহ লাকসামে এসে পৌছার পর শহরে চরম উত্তেজনার সৃষ্টি হয়। আহাদকে তার গ্রাম পাঁচপুকুরিয়ায় তাদের পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। জেলা ছাত্রলীগ আহাদের হত্যাকারীদের গ্রেপ্তার না করা পর্যন্ত কলেজ বন্ধ রাখার দাবি জানায়। পুলিশ ঘটনার সঙ্গে জড়িত ছাত্রশিবিরের একজনকে গ্রেপ্তার করেছে।